

U.G. 6th Semester Examination 2022

BENGALI (Honours)

Paper Code : BNGH - DC - 14

(হিন্দি সাহিত্যের ইতিহাস ও ভারতীয় সাহিত্য)

Full Marks : 32

Time : Two Hours

*The figures in the margin indicate full marks.
Candidates are required to give their answers
in their own words as far as practicable.*

১। নাট্যকার ভারতেন্দু হরিশ্চন্দ্রের নাট্যসৃষ্টি বিষয়ে আলোচনা করো।

৮

অথবা

‘ভারতচেতনা ও স্বদেশপ্রেরণা মৈথিলী শরণ গুপ্তের কাব্যের অন্যতম প্রধান বৈশিষ্ট্য’ — কবির কাব্যধারা আলোচনা করে মন্তব্যটির সপক্ষে যুক্তি দাও।

২। প্রেমচন্দ্রের গল্পে উপেক্ষিত ও নিপীড়িত মানুষের যে ছবি ফুটে উঠেছে তা অন্তত দুটি গল্প আলোচনা করে দেখাও।

৮

অথবা

সুমিত্রানন্দন পণ্ডের কবিতার বৈশিষ্ট্যগুলি আলোচনা করে হিন্দীকাব্য সাহিত্যে তাঁর স্থান নির্ণয় করো।

৩। আর. কে. নারায়ণের ‘জ্যোতিষীর জীবনে একটি দিন’ গল্পে জ্যোতিষী চরিত্রের মূল্যায়ন করো।

৮

অথবা

শান্তারামের ‘বাবা’ গল্পে বাবা-মা-সন্তানের মধ্যে যে সম্পর্কের টানাপোড়েনের কথা বলা হয়েছে, গল্পের সমাপ্তি অংশে তার বিপরীত চিত্র লক্ষ করা যায়। — গল্প অবলম্বনে সম্পর্কের এই দ্বিমাত্রিকতা বিচার করো।

৪। ‘ভেঙ্কটিগরের বউ’ গল্পে ভেঙ্কটেশ আয়েঙ্গার ভেঙ্কটিগ ও রঙ্গির দাম্পত্যকে এক নতুন দৃষ্টিতে দেখেছেন — আলোচনা করো।

৮

অথবা

কৃষ্ণ সোবতীর ‘দাদি আন্মা’ গল্পের নামকরণ যথার্থ হয়েছে কিনা যুক্তিসহ মতামত দাও।